অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্যাক-টু-বেসিকস শিক্ষা, শিক্ষকদের জন্য বর্ধিত সম্পদ এবং স্বাস্থ্যকর স্কুল পরিবেশের ওপর মনোযোগ দেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের উন্নতিতে সহায়তার জন্য একটি পরিকল্পনা উন্মোচন করেছেন

গণিত ও সাক্ষরতায় ব্যাক টু বেসিকস: গুণমানসম্পন্ন শিক্ষাদান এবং পেশাগত শিক্ষার মাধ্যমে শিক্ষাকে রূপান্তরিত করা

নিউ ইয়র্ক স্টেটে একটি দীর্ঘস্থায়ী শিক্ষক সরবরাহ ব্যবস্থা তৈরি করা

আমাদের শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি করা

আদিবাসী যুবক, কৃষ্ণাঙ্গ এবং ল্যাটিনা মেয়েদের জন্য কর্মসূচি শক্তিশালী করা

উচ্চশিক্ষা এবং সুযোগের মধ্যে সংযোগ স্থাপন

যুবকদের মানসিক স্বাস্থ্য প্রচার এবং অনলাইনে শিশুদের সুরক্ষা প্রদান

গভর্নর Hochul (হোকল) আজ তার 2026 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে নিউ ইয়র্কের শিশুদের উন্নতি সাধনের জন্য একটি পরিকল্পনা উন্মোচন করেছেন, যে পরিকল্পনায় ব্যাক-টু-বেসিকস প্রমাণ-ভিত্তিক শিক্ষা, শিক্ষক ও শিক্ষক পদপ্রার্থীদের জন্য বর্ধিত সম্পদ এবং স্বাস্থ্যকর স্কুল পরিবেশের উপর জোর দেওয়া হয়েছে। গভর্নর উচ্চ-মানের গণিত ও সাক্ষরতার নির্দেশনা, শিক্ষক নিয়োগ ও তাদের ধরে রাখার জন্য একটি টেকসই ব্যবস্থা এবং আর্লি চাইল্ডহুড শিক্ষাবিদদের জন্য কর্মীবাহিনী উন্নয়নে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ। তার বিঘ্নমুক্ত স্কুল সংক্রান্ত উদ্যোগটি ব্যাপক সমর্থন লাভ করার পর এবং স্টেটজুড়ে সাফল্য পাওয়ার পর, গভর্নর Hochul (হোকল) এখন নিউ ইয়র্কের শ্রেণিকক্ষগুলোতে আরও বড় অগ্রগতি সাধনের দিকে মনোযোগ দিয়েছেন। তিনি এটাও নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেটে তাদের পড়াশোনা চালিয়ে যেতে পারে এবং SUNY ও CUNY সিস্টেমের মাধ্যমে একটি সাশ্রয়ী ও বিশ্ব-খ্যাত ডিগ্রি অর্জন করতে পারে। এই বছর গভর্নর SUNY ও CUNY রিকানেক্ট (SUNY and CUNY Reconnect) কর্মসূচিকে প্রসারিত করার এবং শিক্ষার্থীদের পড়াশোনায় বিঘ্ন ঘটলে তাদের টিউশন ফি ও অন্যান্য খরচ মেটাতে সাহায্য করার লক্ষ্য রেখেছেন।

"নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে, আমি বুঝি যে একটি পরিবার কোথায় গড়ে তোলা হবে, তা সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে স্কুলের গুণমান এবং ফলাফল কতটা গুরুত্বপূর্ণ হতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেছেন।** "আমার আশা নিউ ইয়র্কের শিক্ষার্থীদের দেশের মধ্যে শিক্ষাগতভাবে সবচেয়ে ভালোভাবে প্রস্তুত করতে হবে—এ কারণেই আমরা আমাদের ছেলেমেয়েদের গণিত ও সাক্ষরতায় দক্ষ করে তোলার জন্য ব্যাক-টু-বেসিকস প্রমাণ-ভিত্তিক শিক্ষণ মডেল বাস্তবায়ন করছি এবং যোগ্য শিক্ষকদের সহায়তা পাওয়া ও তাদের ধরে রাখার জন্য পাইপলাইন প্রোগ্রামগুলোতে বিনিয়োগ করছি। এই প্রস্তাবগুলোর মাধ্যমে নিউ ইয়র্কের অভিভাবকরা নিশ্চিন্ত থাকতে পারেন যে, তাদের সন্তানদের শেখার ও বিকশিত হওয়ার জন্য আমাদের এই স্টেটের চেয়ে ভালো জায়গা আর নেই।"

গণিতে ব্যাক টু বেসিকস(Back to Basics): গুণমানসম্পন্ন নির্দেশনা এবং পেশাগত শিক্ষার মাধ্যমে গণিত শিক্ষাকে রূপান্তরিত করা

গভর্নর Hochul (হোকল) শিক্ষক এবং স্কুল ডিস্ট্রিক্টগুলোর সাথে কাজ করেছেন যাতে স্কুলগুলো শিক্ষার্থীদের সঠিক উপায়ে পড়তে শেখায় — আর সেটা শিক্ষামূলক সর্বোত্তম অনুশীলনগুলোকে প্রমাণ-ভিত্তিক সায়েন্স অফ রিডিংয়ের নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ করার মাধ্যমে। এই ব্যাপক নীতিগত পরিবর্তন এবং আমাদের শিক্ষার্থী ও শিক্ষকদের কঠোর পরিশ্রমের ফলে স্টেটজুড়ে পঠন দক্ষতার হার ইতিমধ্যেই বাড়তে শুরু করেছে।

সেই সাফল্যের ওপর ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) এই মডেলটিকে গণিত শিক্ষার ক্ষেত্রেও প্রয়োগ করবেন। এইসূত্রে তিনি এমন একটি আইনের প্রস্তাব করবেন যা অনুযায়ী স্টেট শিক্ষা বিভাগকে (State Education Department, SED) স্কুল ডিস্ট্রিক্টগুলোকে গণিত শিক্ষাদানের সর্বোত্তম পদ্ধতি সরবরাহ করতে হবে, এবং সেই সাথে শিক্ষকদের এমন শিক্ষণ পদ্ধতি নির্বাচন ও বাস্তবায়নে সহায়তা করার জন্য নির্দেশনা ও সম্পদ প্রদান করতে হবে, যা স্টেটের মান এবং সর্বোত্তম অনুশীলনের সাথে সামঞ্জস্যপূর্ণ।

স্টেট সরকার শুধু নিউ ইয়র্কের শিক্ষকদের সহায়তা করার জন্য প্রমাণ-ভিত্তিক গণিত শিক্ষাদানে মাইক্রো-ক্রেডেনশিয়াল তৈরি করতে SUNY ও CUNY-কে নির্দেশই দেবে না, বরং গণিত শিক্ষাদানে স্টেটব্যাপী পেশাগত শিক্ষার সুযোগও চালু করবে, যার মধ্যে গণিতে পিছিয়ে পড়া পারফরম্যান্স রয়েছে এমন নিউ ইয়র্কের ডিস্ট্রিক্টগুলোতে আঞ্চলিক হাব পাইলট প্রকল্পের মাধ্যমে কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে।

সম্মিলিতভাবে, এই পদক্ষেপগুলো শিক্ষার্থীদের গণিত শিক্ষায় উন্নতি সাধনে সহায়তা করবে, স্টেটের শিক্ষকদের প্রমাণ-ভিত্তিক শিক্ষণ কৌশল ও উপকরণ দিয়ে সজ্জিত করবে এবং পেশাগত শিক্ষার সুযোগ তৈরি করবে।

কর্মরত শিক্ষকদের সহায়তার মাধ্যমে ব্যাক-টু-বেসিকস নীতির উপর ভিত্তি করে সাক্ষরতা বৃদ্ধি

নিউ ইয়র্কের স্কুল ডিস্ট্রিক্টগুলো তাদের সাক্ষরতা শিক্ষাকে প্রমাণ-ভিত্তিক পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ করেছে; এবং তার প্রশাসন, SED এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো নিশ্চিত করার জন্য কাজ করছে যে, নিউ ইয়র্কের হান্ট ইনস্টিটিউটের পাথ ফরোয়ার্ড প্রোগ্রামে (Path

Forward) অংশগ্রহণের পরিপ্রেক্ষিতে তৈরি স্টেট কর্মপরিকল্পনার মাধ্যমে আগত শিক্ষকরা সায়েন্স অফ রিডিংয়ের (Science of Reading) সর্বোত্তম অনুশীলনগুলো ব্যবহার করে শেখানোর প্রশিক্ষণ নিচ্ছেন।

শিক্ষক হওয়ার পূর্ববর্তী প্রশিক্ষণের পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) নিশ্চিত করবেন যে এই পরিবর্তন চলাকালীন সময়ে স্টেট বর্তমান শ্রেণিকক্ষের শিক্ষকদেরও সহায়তা করবে। এটি করার জন্য, নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্স (New York State United Teachers, NYSUT) কর্তৃক প্রদত্ত পেশাগত উন্নয়নের পাশাপাশি, নিউ ইয়র্ক আরও বেশি বর্তমান শিক্ষকদের বিনা খরচে একটি সায়েন্স অফ রিডিং বিষয়ক SUNY বা CUNY মাইক্রোক্রেডেনশিয়াল সম্পন্ন করার সুযোগ দেবে। মাইক্রোক্রেডেনশিয়াল হল উচ্চ-মানের সার্টিফিকেশন প্রোগ্রাম, যা একটি দ্রুতগতির কোর্সের মাধ্যমে পঠনের সর্বোত্তম অনুশীলন সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ প্রদান করে। অতিরিক্ত শিক্ষকদেরকে বিনামূল্যে এই প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার মাধ্যমে, এই মডেলটি স্টেটজুড়ে শিক্ষাবিদদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করবে এবং সব শিশু যাতে মানসম্মত পঠন নির্দেশনা পায়, তা নিশ্চিত করতে সাহায্য করবে।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে এমন কিছু ডিস্ট্রিক্টকে অতিরিক্ত, লক্ষ্যভিত্তিক সম্পদ সরবরাহ করবেন, যারা সায়েন্স অফ রিডিং পদ্ধতি গ্রহণে পিছিয়ে আছে। রচেস্টার (Rochester) এবং ইয়ঙ্কার্স (Yonkers) থেকে শুরু করে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক-ভিত্তিক স্কুল ডিস্ট্রিক্ট এবং শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচিগুলোর (educator preparation programs, EPP) মধ্যে একটি তিন বছরব্যাপী পরীক্ষামূলক কর্মসূচি চালু করবেন, যে কর্মসূচির মাধ্যমে শিক্ষক পদপ্রার্থীদের জন্য অর্থপূর্ণ ব্যবহারিক অভিজ্ঞতা প্রদান করা হবে এবং 'সায়েন্স অফ রিডিং'-এর সর্বোত্তম অনুশীলনগুলোকে EPP কর্মসূচি ও স্কুল ডিস্ট্রিক্টের সাক্ষরতা শিক্ষাদানের সাথে একীভূত করার জন্য সহযোগিতা করা হবে। পাথ ফরওয়ার্ড স্টেট কর্মপরিকল্পনার অংশ হিসেবে লিটারেসি একাডেমি কালেকটিভ (Literacy Academy Collective) কর্তৃক পরিচালিত সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ওপর ভিত্তি করে নির্মিত এই পাইলট প্রোগ্রামটি নির্দিষ্ট সংখ্যক উচ্চ-চাহিদাসম্পন্ন ডিস্ট্রিক্টের ওপর মনোযোগ কেন্দ্রীভূত করে শিক্ষকদের কাছে পৌঁছাবে, সকল শিক্ষার্থী যাতে উচ্চ-মানের শিক্ষা পায় তা নিশ্চিত করতে সাহায্য করবে এবং সাক্ষরতার ক্ষেত্রে বিদ্যমান দীর্ঘস্থায়ী ঘাটতিগুলো পূরণে কাজ করবে।

উচ্চ-প্রভাবসম্পন্ন প্রশিক্ষণ দিয়ে ত্বরান্বিত শিক্ষা

সাক্ষরতা ও গণিত শিক্ষাদান ও শেখার ক্ষেত্রে প্রমাণ-ভিত্তিক পরিবর্তনকে সমর্থন করার পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) লক্ষ্যভিত্তিক, উচ্চ-প্রভাবশালী টিউটরিংয়ের মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষাকে ত্বরান্বিত করতেও আগ্রহী। অধিক প্রয়োজন রয়েছে এমন স্কুল ডিস্ট্রিক্ট এবং টিউটরিং প্রদানকারী সংস্থাগুলোর মধ্যে অংশীদারিত্বকে স্টেট সমর্থন করবে, যাতে যে সকল শিক্ষার্থীর অতিরিক্ত সহায়তার প্রয়োজন, তারা উচ্চ-মানের, ব্যক্তিগতকৃত টিউটরিং পায় বলে নিশ্চিত করা যায়। টিউটরিংয়ের সুযোগগুলো আগ্রহী ডিস্ট্রিক্টগুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে, তবে এটি সাক্ষরতা এবং গণিত উভয় ক্ষেত্রেই সহায়তা করবে। অন্যান্য স্টেট ও সম্প্রদায়ের প্রমাণ থেকে দেখা যায় যে, এই ধরনের টিউটরিং সঠিকভাবে প্রয়োগ করা হলে অত্যন্ত কার্যকর হতে পারে এবং শিক্ষার্থীদের প্রচলিত বাধাগুলো কাটিয়ে উঠতে সাহায্য করতে পারে। আমাদের শিক্ষার্থীদের গণিত ও সাক্ষরতায় উৎকর্ষ সাধনে সাহায্য করলে তা আমাদের

শিশুদের জন্য অফুরন্ত সুযোগের দ্বার উন্মোচন করবে এবং নিশ্চিত করবে যে আমাদের ভবিষ্যৎ কর্মীবাহিনী সফল হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা দিয়ে সজ্জিত।

নিউ ইয়র্ক স্টেটে একটি টেকসই শিক্ষক সরবরাহ ব্যবস্থা তৈরি করা

অন্যান্য অনেক স্টেটের মতো নিউ ইয়র্কও শিক্ষক বৈচিত্র্য, শিক্ষক নিয়োগ এবং শিক্ষক ধরে রাখার ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। অনুমান করা হচ্ছে যে, আগামী দশ বছরে নিউ ইয়র্কের আর্লি চাইল্ডহুড শিক্ষাবিদসহ মোট 180,000 নতুন শিক্ষকের প্রয়োজন হবে।

এই চ্যালেঞ্জগুলো মোকাবিলা করার জন্য, গভর্নর Hochul (হোকল) উদ্ভাবনী শিক্ষক নিয়োগ ও বিভিন্ন প্রশিক্ষণমূলক উদ্যোগে বিনিয়োগ করবেন। তিনি স্টেট শিক্ষা বিভাগকে (State Education Department) একটি নতুন কর্মসূচি চালু করার নির্দেশ দেবেন, যার মাধ্যমে পেশা পরিবর্তনকারী এবং যারা ইতিমধ্যেই স্নাতক ডিগ্রিধারী হয়ে শিক্ষক হতে চান, তাদের জন্য শিক্ষক প্রশিক্ষণের একটি দ্রুততর পথ তৈরি করা হবে। এই নতুন পদ্ধতিটির জন্য শিক্ষক সার্টিফিকেশন পাওয়ার উদ্দেশ্যে উচ্চ চাহিদাসম্পন্ন শ্রেণিকক্ষগুলোতে শিক্ষকের চাকরি পূর্ব কাজ করা প্রয়োজন হবে, যা সম্ভাব্য শিক্ষকদেরকে তাদের সবচেয়ে বেশি প্রয়োজন এমন শ্রেণিকক্ষগুলোতে দ্রুত নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করবে।

আমাদের উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষকতা পেশা সম্পর্কে জানতে এবং এই পেশায় প্রবেশে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক কলেজ ইন হাই স্কুল অপরচুনিটি ফান্ড (College in High School Opportunity Fund) প্রোগ্রামের মাধ্যমে নতুন P-TEACH প্রোগ্রাম চালু করবে, যার ফলে হাই স্কুলের শিক্ষার্থীরা প্রাসঙ্গিক বিষয়ে কলেজের কোর্স করে কলেজ ক্রেডিট অর্জনের মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে ক্যারিয়ারের জন্য প্রস্তুতি নিতে এবং এ সম্পর্কে জানতে প্রাথমিক সুবিধা পাবে। এছাড়াও, স্টেট TeachNY নামক একটি অনলাইন রিসোর্সকে উন্নত করতে সহায়তা করবে, যা সম্ভাব্য শিক্ষকদের পেশাটি সম্পর্কে জানার এবং স্টেটের বিভিন্ন শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে আবেদন করার সময় তথ্য, প্রশিক্ষণ এবং নির্দেশনা প্রদান করে। অতিরিক্ত সম্পদ পেলে, এই কর্মসূচিটি আগামী তিন বছরে স্টেট ব্যাপী 7,000-এরও বেশি নিয়োগপ্রাপ্ত শিক্ষককে সহায়তা করার লক্ষ্য নির্ধারণ করবে।

পরিশেষে, দীর্ঘমেয়াদী সমাধান বিবেচনা করার জন্য, গভর্নর Hochul (হোকল) রকফেলার ইনস্টিটিউট অফ গভর্নমেন্টের (Rockefeller Institute of Government) সহযোগিতায় গভর্নরের কার্যালয়, স্টেট শিক্ষা দপ্তর, শ্রম দপ্তর (Department of Labor) এবং উচ্চশিক্ষা শিল্পকে নিয়ে একটি টাস্ক ফোর্স গঠন করবেন। এই টাস্ক ফোর্সটি স্টেটজুড়ে শিক্ষক এবং শিক্ষা খাতের অংশীদারদের সাথে পরামর্শের মাধ্যমে তথ্য সংগ্রহ করবে এবং এর ভিত্তিতে স্টেটজুড়ে শিক্ষক ঘাটতির পরিধি ও মূল কারণগুলো পরীক্ষা করবে, নতুন সম্ভাব্য শিক্ষকদের জন্য প্রবেশের ক্ষেত্রে বিদ্যমান বাধাগুলো খতিয়ে দেখবে এবং নীতি ও নিয়ন্ত্রক সমাধানের প্রস্তাব দেবে।

সংস্কার ও কর্মসূচির এই ব্যাপক প্যাকেজের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট কৌশলগতভাবে এমন অনেক বাধা চিহ্নিত করছে এবং দূর করছে, যা বর্তমানে ব্যক্তিদের শিক্ষকতা পেশা গ্রহণে নিরুৎসাহিত করে। সম্মিলিতভাবে এই নীতিগুলো নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থায় উচ্চ-মানের

সহস্রাধিক অতিরিক্ত শিক্ষক নিয়ে আসবে, যা নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীর জন্য একটি উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করবে।

এম্পায়ার AI স্টুডেন্ট চ্যালেঞ্জ প্রতিষ্ঠা করা
বিশেষ করে শিক্ষার্থী এবং নিয়োগকর্তাদের দ্বারা কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) ব্যাপক ব্যবহার শিক্ষা ও পেশাগত উভয় পরিবেশেই একটি সর্বব্যাপী ক্রমবর্ধমান বাস্তবতায় পরিণত হয়েছে। শিক্ষার্থী ও শিক্ষকরা যখন নতুন প্রযুক্তির ব্যবহার ও এর প্রভাব নিয়ে কাজ করছেন, তখন অনেকেই প্রযুক্তিটি ব্যবহারে দিশেহারা বোধ করছেন এবং এর জন্য নিজেদের অপ্রস্তুত বলে মনে করছেন।

এই উদ্বেগগুলো নিরসন করতে, শিক্ষার্থীদের নিরাপদে ইতিবাচক উপায়ে প্রযুক্তির সাথে যুক্ত হওয়ার সুযোগ দিতে এবং তরুণ নিউ ইয়র্কবাসীদের ভবিষ্যৎ প্রযুক্তিকে কাজে লাগানোর জন্য প্রয়োজনীয় দক্ষতা দিয়ে সজ্জিত করতে, গভর্নর Hochul (হোকল) প্রথম এম্পায়ার AI স্টুডেন্ট চ্যালেঞ্জ প্রতিষ্ঠা করবেন। K-12 গ্রেডের শিক্ষার্থীরা, একজন পৃষ্ঠপোষক শিক্ষক বা বিশেষজ্ঞের তত্ত্বাবধানে, জনসাধারণের মুখোমুখি হওয়া একটি সমস্যা চিহ্নিত করতে এবং AI ব্যবহার করে তার একটি সমাধান খুঁজে বের করতে বা তৈরি করতে কাজ করবে। পৃষ্ঠপোষক শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের প্রশিক্ষণ গ্রহণের সুযোগ দেওয়া হবে, যার মাধ্যমে তারা শিখতে পারবেন কীভাবে শিক্ষার্থীদের AI-এর দায়িত্বশীল ব্যবহার শেখাতে হয় এবং শ্রেণিকক্ষে ও তার বাইরে এর সম্ভাব্য ভবিষ্যৎ প্রয়োগগুলোর জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়। এই চ্যালেঞ্জটিতে SUNY ও CUNY ক্যাম্পাসগুলো সহ অংশগ্রহণকারী এম্পায়ার AI-এর সদস্য ক্যাম্পাসগুলোতে সরাসরি বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে, যাতে শিক্ষার্থীরা নিউ ইয়র্কেই চারপাশে সম্পাদিত অত্যাধুনিক কাজগুলো সম্পর্কে জানতে পারে। এটি শিক্ষার্থীদেরকে জনসাধারণের মুখোমুখি হওয়া সমস্যাগুলোর সৃজনশীল সমাধান খুঁজে বের করার সুযোগ দেয়, AI কীভাবে দায়িত্বের সাথে ব্যবহার করতে হয় তা শেখায় এবং আমাদের ভবিষ্যৎ কর্মশক্তির অংশগ্রহণকারীদেরকে শিক্ষা দেওয়ার জন্য প্রস্তুত হওয়ার ক্ষেত্রে শিক্ষকদের সহায়তা করে।

আমাদের শিক্ষা ব্যবস্থা, প্রোগ্রাম এবং বিনিয়োগে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করা
নিউ ইয়র্কের খণ্ডিত ডেটা সিস্টেমগুলো প্রাথমিক হস্তক্ষেপ ও শিক্ষা, স্কুল ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি থেকে শুরু করে স্নাতক হওয়া এবং কর্মসংস্থান পর্যন্ত আমাদের শিক্ষার্থীদের গতিপথ পর্যবেক্ষণ করা কঠিন করে তোলে। এই সমস্যা সমাধানের জন্য, নিউ ইয়র্ক একটি সুরক্ষিত স্টেট ব্যাপী দীর্ঘমেয়াদী ডেটা সিস্টেম (statewide longitudinal data system, SLDS) তৈরির কাজ শুরু করেছে, যা প্রাথমিক শিক্ষা, K–12 শিক্ষা, উচ্চশিক্ষা এবং কর্মজীবনের রেকর্ডগুলোকে সংযুক্ত করবে, যাতে শিক্ষার্থীদের গোপনীয়তা লঙ্ঘন না করেই সময়ের সাথে সাথে তাদের শিক্ষাজীবনের গতিপথ বিশ্লেষণ করা যায়।

এই বছর, গভর্নর Hochul (হোকল) বড় পরিসরে সিস্টেমটি নির্মাণ ও পরিচালনার সক্ষমতা বাড়াতে একটি অতিরিক্ত বিনিয়োগকে সমর্থন করবেন। স্টেট এই ডেটার উপর যথাযথ গোপনীয়তা সুরক্ষা ব্যবস্থা সহ স্টেটব্যাপী তদারকি নিশ্চিত করার জন্য একটি বহু-সংস্থা সমন্বিত পরিচালনা পর্ষদও গঠন করবে। একটি সুরক্ষিত, কেন্দ্রীভূত ডেটা সিস্টেমে বিনিয়োগ করার মাধ্যমে, স্টেট তার বিভিন্ন সংস্থার মধ্যে বাস্তব ডেটা ব্যবহার করে আরও কার্যকর নীতি প্রণয়ন করতে সক্ষম হবে।

আদিবাসী তরুণদের জন্য প্রাসঙ্গিক ও মানসম্মত নাগরিক নির্দেশ নিশ্চিত করা

নিউ ইয়র্ক স্টেট জুড়ে আদিবাসী শিক্ষার্থীরা শিক্ষাক্ষেত্রে বৈষম্যের সম্মুখীন হচ্ছে, যার মধ্যে রয়েছে কলেজ, কর্মজীবন এবং নাগরিক প্রস্তুতি ও অংশগ্রহণে সহায়ক নাগরিক ও সম্প্রদায়-ভিত্তিক শিক্ষার সুযোগগুলোতে কম অংশগ্রহণ। সব স্কুল ডিস্ট্রিক্টে যাতে স্কুল-ভিত্তিক নাগরিক শিক্ষা কার্যক্রমে আদিবাসী তরুণদের জড়ানোর জন্য প্রয়োজনীয় সক্ষমতা ও কাঠামো থাকে, তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক আদিবাসী যুব পরিষেবা প্রকল্পটি (Indigenous Youth Service Project) সম্প্রসারিত করে আরও অতিরিক্ত স্কুল ডিস্ট্রিক্টকে এর আওতায় আনবে। এই প্রকল্পটি, যা প্রাথমিকভাবে লাফায়েট (LaFayette), সিলভার ক্রিক (Silver Creek) এবং নায়াগ্রা-হুইটফিল্ডে (Niagara-Wheatfield) শুরু হয়েছিল, একটি উদ্ভাবনী পরিষেবা-শিক্ষণ পদ্ধতির পরীক্ষামূলক প্রয়োগ করেছিল, যে পদ্ধতিটি প্রমাণ করেছে যে, আদিবাসী তরুণরা সম্প্রদায়ের মূল্যবোধের উপর ভিত্তি করে পরিষেবা-শিক্ষণে নিযুক্ত হলে, তারা শিক্ষাগত আত্মবিশ্বাস, নাগরিক দক্ষতা এবং নেতৃত্বদানের সক্ষমতা অর্জন করে। প্রকল্পটিকে স্টেটজুড়ে সম্প্রসারিত করলে এটি নিশ্চিত হবে যে সমস্ত অঞ্চলের আদিবাসী শিক্ষার্থীরা বৃদ্ধি ও সাফল্যের জন্য একই সুযোগ পাবে।

শ্রেষ্ঠত্বকে উন্নত করা: কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনা মেয়েদের জন্য পরামর্শদান কর্মসূচিকে শক্তিশালী করা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের সকল শিশুকে সমর্থন ও উৎসাহিত করতে প্রতিশ্রুতিবদ্ধ, যাতে তারা নিজেদের সম্প্রদায়ে নেতৃত্বমূলক ভূমিকা পালনে স্বাচ্ছন্দ্য ও ক্ষমতায়ন বোধ করে। তরুণ কৃষ্ণাঙ্গ এবং ল্যাটিনা মহিলাদের জন্য পরামর্শদান ও নেতৃত্ব বিষয়ক সুযোগ-সুবিধার ক্ষেত্রে বিদ্যমান ঐতিহ্যবাহী বাধাগুলো মোকাবিলা করার জন্য গভর্নর Hochul (হোকল) ব্ল্যাক গার্লস মেন্টরিং ইনিশিয়েটিভ (Black Girls Mentoring Initiative) এবং ল্যাটিনা মেন্টরিং ইনিশিয়েটিভ (Latina Mentoring Initiative, LMI) চালু করেছেন। এই বছর, তিনি সেইসব কর্মসূচির প্রতি তার সমর্থন পুনর্ব্যক্ত করছেন, যা অংশগ্রহণকারীদেরকে তাদের পেশাগত ও ব্যক্তিগত দক্ষতা বাড়াতে এবং সহকর্মীদের মধ্যে নেতা হওয়ার আত্মবিশ্বাস গড়ে তুলতে সাহায্য করে। নিউ ইয়র্কের বৈচিত্র্যময় ও বিস্তৃত জনগোষ্ঠীই আমাদের এত বিশেষ করে তুলেছে, এবং গভর্নর Hochul (হোকল) নিশ্চিত করবেন যে কোনো শিশুই যেন এমন অনুভব না করে যে তাদের সমাজে অর্থপূর্ণ অবদান রাখার জন্য প্রয়োজনীয় দক্ষতা বা সুযোগ তাদের নেই।

গভর্নর Hochul (হোকল) এই বিষয়টি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে নিউ ইয়র্কের বাসিন্দারা তাদের K-12 শিক্ষার পরেও নিজ স্টেটে পড়াশোনা করার ও বিকশিত হওয়ার সুযোগ পাবে। তিনি উচ্চশিক্ষার সাশ্রয়যোগ্যতা এবং সাফল্য সংক্রান্ত উদ্যোগগুলোতে দেশজুড়ে নেতৃত্ব দিচ্ছেন:

SUNY শিক্ষার্থীদের জন্য এম্পায়ার স্টেট সার্ভিস কর্পসের সুযোগ দ্বিগুণ করা

নিউ ইয়র্ক স্টেট জুড়ে তরুণরা অর্থপূর্ণ জনসেবামূলক কাজ এবং স্বেচ্ছাসেবার সাথে যুক্ত হতে আগ্রহী, যা তাদের সম্প্রদায়ের উপকারে আসবে এবং তাদের দক্ষতা বৃদ্ধি করবে, কিন্তু পারিশ্রমিকের বিনিময়ে কাজ ছেড়ে দিতে না পারার কারণে তারা নিরুৎসাহিত হয়। তরুণ নিউ ইয়র্কবাসীদের জন্য নাগরিক অংশগ্রহণের সুযোগ প্রসারিত করতে, গভর্নর Hochul (হোকল) 2024 সালে এম্পায়ার স্টেট সার্ভিস কর্পস (Empire State Service Corps, ESSC) চালু

করেছেন, এমন একটি প্রোগ্রাম যা নিউ ইয়র্ক জুড়ে কলেজ শিক্ষার্থীদের জন্য K-12 টিউটরিং, মানসিক স্বাস্থ্য সহায়তা এবং পরিবেশগত স্থায়িত্বের মতো বিভিন্ন ক্ষেত্রে বেতনভুক্ত জনসেবার সুযোগ তৈরি করার জন্য ডিজাইন করা হয়েছে। চাহিদা ছিল ব্যাপক, উদ্বোধনী এম্পায়ার স্টেট সার্ভিস কর্পসের (Empire State Service Corps.) 500টি পদের জন্য প্রায় 2,000 জন SUNY শিক্ষার্থী আবেদন করেছেন।

নাগরিক দায়িত্ববোধ ও কাজের প্রতি SUNY-এর অঙ্গীকারের ওপর ভিত্তি করে এবং তরুণদের অংশগ্রহণের জন্য অতিরিক্ত সুযোগ প্রদানের লক্ষ্যে, গভর্নর Hochul (হোকল) SUNY ক্যাম্পাসগুলোতে ESSC-এর আকার দ্বিগুণ করবেন এবং নিউ ইয়র্কের সবচেয়ে জরুরি চাহিদাগুলো মেটাতে নতুন কর্মসূচি ক্ষেত্র অন্তর্ভুক্ত করবেন—যার মধ্যে দুর্যোগ থেকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য নতুন সক্ষমতা প্রদানও অন্তর্ভুক্ত থাকবে।

উচ্চশিক্ষা এবং সুযোগের মধ্যে সংযোগ স্থাপন

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের উচ্চশিক্ষা ব্যবস্থাকে সাশ্রয়ী করে তোলার জন্যও কাজ করছেন, যাতে ভালো বেতনের চাকরির সুযোগ তৈরি হয় এবং এর মাধ্যমে স্টেটজুড়ে একটি শক্তিশালী কর্মীবাহিনী গড়ে ওঠে। এইরকম কিছু উদ্যোগের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

SUNY ও CUNY-তে খরচ নিয়ন্ত্রণ এবং কলেজ শিক্ষাকে সাশ্রয়ী করার জন্য নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ গ্রহণ

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের সরকারি কলেজগুলোতে খরচ নিয়ন্ত্রণে রেখে, SUNY-এর স্টেট পরিচালিত ক্যাম্পাস এবং CUNY-এর সিনিয়র কলেজগুলোতে স্টেটের আবাসিক স্নাতক শিক্ষার্থীদের জন্য টিউশন ফি স্থির রেখে, এবং এই প্রতিষ্ঠানগুলোকে অতিরিক্ত পরিচালন সহায়তা প্রদান করে নিউ ইয়র্কের শিক্ষার্থী ও পরিবারগুলোর জন্য শিক্ষার ব্যয়সাধ্যতা নিশ্চিত করতে কাজ করছেন, যাতে আরও বেশি নিউ ইয়র্কবাসী বিপুল ঋণের বোঝা ছাড়াই ডিগ্রি অর্জন করতে পারে। SUNY ও CUNY ক্যাম্পাসগুলোতে টিউশন ফি অপরিবর্তিত রাখার মাধ্যমে তিনি কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কের শিক্ষার্থী ও পরিবারগুলোর উপর থেকে আর্থিক বোঝা সরিয়ে নিচ্ছেন।

কলেজ শিক্ষার ব্যয়সাধ্যতা নিশ্চিত করা নিউ ইয়র্কের অর্থনৈতিক কৌশলের একটি মূল অংশ। টিউশন ফির ওপর এই চলমান স্থবিরতা, প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে কমিউনিটি কলেজের মতো অতিরিক্ত উদ্যোগ এবং টিউশন সহায়তা (Tuition Assistance Program, TAP) কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগের পূর্ববর্তী সম্প্রসারণের ফলে কর্মজীবী পরিবার ও শিক্ষার্থীরা জীবনযাত্রার ব্যয়ের সাথে তাল মিলিয়ে চলতে পারছে, পাশাপাশি এটি নিউ ইয়র্কবাসীদের ভালো বেতনের চাকরি ও কর্মজীবনের জন্য প্রস্তুত করছে।

উচ্চ চাহিদার চাকরির জন্য SUNY ও CUNY রিকানেক্ট প্রোগ্রাম সম্প্রসারণের মাধ্যমে ব্যয়সাধ্যতা বৃদ্ধি করা

আমাদের অর্থনীতিকে চালায় এমন উচ্চ চাহিদার ক্ষেত্রগুলোতে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের নতুন পেশাগত স্বপ্ন পূরণের পথে কলেজ ডিগ্রির খরচের বাধা হয়ে দাঁড়ানো উচিত নয়। 2025 সালে

গভর্নর Hochul (হোকল) কর্তৃক চালু করা SUNY ও CUNY রিকানেক্ট কর্মসূচির মাধ্যমে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীরা যদি স্বাস্থ্যসেবা, সাইবার নিরাপত্তা বা উন্নত উৎপাদন খাতের মতো উচ্চ চাহিদাসম্পন্ন কোনো বিষয়ে ডিগ্রি অর্জন করেন, তবে তারা বিনামূল্যে কমিউনিটি কলেজে পড়ার সুযোগ পাবেন। এই কর্মসূচি ইতিমধ্যেই অসাধারণ ফলাফল এনে দিয়েছে; এই বছর স্টেটজুড়ে কলেজগুলো 16,500টি আবেদন পেয়েছে এবং 11,000-এরও বেশি শিক্ষার্থীকে এই কর্মসূচিতে ভর্তি করেছে, যা আমাদের অর্থনীতিকে সমর্থন করতে এবং গুরুত্বপূর্ণ শিল্পখাতে আমাদের কর্মীবাহিনীকে শক্তিশালী করতে সফলভাবে কাজ করছে।

এই গতিধারা বজায় রাখতে, গভর্নর Hochul (হোকল) এই কর্মসূচির জন্য যোগ্য উচ্চ চাহিদাসম্পন্ন ক্ষেত্রগুলোর তালিকা প্রসারিত করবেন, যার মধ্যে লজিস্টিক, বিমান ট্র্যাফিক নিয়ন্ত্রণ ও পরিবহন এবং জরুরি ব্যবস্থাপনার মতো ক্ষেত্রগুলো অন্তর্ভুক্ত থাকবে। আমাদের নার্সিং কর্মীবাহিনী সম্প্রসারণের জরুরি প্রয়োজনের কথা বিবেচনা করে, তিনি এই কর্মসূচিটি এমন প্রাপ্তবয়স্কদের অন্তর্ভুক্ত করার জন্য প্রসারিত করবেন, যারা অন্য কোনো ক্ষেত্রে ইতিমধ্যে কলেজের ডিগ্রি অর্জন করলেও নার্সিং ডিগ্রি অর্জন করতে চান। উচ্চ চাহিদাসম্পন্ন ক্ষেত্রগুলোতে SUNY ও CUNY রিকানেক্ট প্রোগ্রাম সম্প্রসারিত করার মাধ্যমে স্টেট এই ক্ষেত্রগুলোতে কর্মীবাহিনী উন্নয়নে সহায়তা করছে, কর্মসংস্থানের ঘাটতি পূরণ করে আমাদের অর্থনীতিকে শক্তিশালী করছে এবং স্টেটের সর্বত্র নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থনৈতিক গতিশীলতার সুযোগ তৈরি করছে।

নিউ ইয়র্ক ক্যারিয়ার কানেক্ট উদ্যোগ (New York Career Connect Initiative): নিউ ইয়র্কের উচ্চশিক্ষা ব্যবস্থা জুড়ে কলেজ শিক্ষার্থীদের কর্মজীবনের জন্য আরও ভালোভাবে প্রস্তুত করে

শিক্ষার্থীরা যখন পরিবর্তনশীল চাকরির বাজার ও শিল্পক্ষেত্রে প্রবেশ করে, তখন এটি নিশ্চিত করা জরুরি যে নিউ ইয়র্কের উচ্চশিক্ষা ব্যবস্থা যেন সকল শিক্ষার্থীকে স্নাতক হওয়ার আগেই কর্মজীবনের অভিজ্ঞতা অর্জনের সুযোগ দেয়, যাতে তারা ভবিষ্যতের চাকরির জন্য প্রতিযোগিতা করতে ভালোভাবে প্রস্তুত হতে পারে। গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক ক্যারিয়ার কানেক্ট উদ্যোগের মাধ্যমে আগামী বছর SUNY ও CUNY-কে সমর্থন করার জন্য সাহসী পদক্ষেপ নেবেন, যাতে তারা তাদের শিক্ষার্থীদের জন্য আরও সহস্রাধিক কর্মজীবনের সাথে সামঞ্জস্যপূর্ণ ও প্রাসঙ্গিক ইন্টার্নশিপ এবং অভিজ্ঞতাভিত্তিক শিক্ষার সুযোগ প্রদান করতে পারে। প্রতিটি সিস্টেম তাদের শক্তিশালী ইন্টার্নশিপ এবং অভিজ্ঞতাভিত্তিক কর্মসূচির ওপর ভিত্তি করে ক্যারিয়ার কাউন্সেলিংকে একাডেমিক পরামর্শের সাথে একীভূত করবে, প্রতিটি বিষয়ের জন্য সুস্পষ্ট কর্মজীবনের রূপরেখা প্রদান করবে এবং স্থানীয় ব্যবসায়িক প্রতিষ্ঠান ও সরকারি পরিষেবা খাতে কর্মসংস্থানের সুযোগ প্রসারিত করবে। স্টেটব্যাপী একটি লক্ষ্যের অধীনে এই প্রচেষ্টাগুলোকে একত্রিত করার মাধ্যমে এই স্টেট কর্মশক্তিতে অংশগ্রহণের ব্যবধান দূর করবে, নিয়োগকর্তাদের সাথে অংশীদারিত্ব জোরদার করবে এবং নিশ্চিত করবে যে প্রতিটি স্নাতক কর্মজীবনের জন্য প্রস্তুত—যা কলেজের ডিগ্রির মূল্য বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্ককে কর্মশক্তির প্রস্তুতিতে একটি জাতীয় নেতা হিসেবে প্রতিষ্ঠিত করবে।

নিউ ইয়র্কের ছাত্র ঋণগ্রহীতাদের জন্য সহায়তা বৃদ্ধি করা

শিক্ষার্থী ঋণ নীতিতে ফেডারেল পরিবর্তনের ফলে বিদ্যমান পরিশোধের বিকল্পগুলো বিলুপ্ত হচ্ছে এবং 2026 সাল থেকে শিক্ষার্থীদের ঋণ প্রাপ্তির উপর সীমাবদ্ধতা আরোপ করা হচ্ছে। বর্তমান এবং ভবিষ্যৎ উভয় ধরনের ঋণগ্রহীতাদের জন্যই ঋণ গ্রহণের পরিস্থিতি অত্যন্ত জটিল হয়ে উঠেছে। গভর্নর Hochul (হোকল) এডুকেশন ডেবট কনজিউমার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের (Education Debt Consumer Assistance Program, EDCAP) মাধ্যমে পরিষেবা সম্প্রসারণের ঘোষণা করবেন, যা ঋণগ্রহীতাদের ছাত্র ঋণের সাথে সম্পর্কিত ক্রমবর্ধমান জটিল নীতির প্রেক্ষাপট সামলানোর উপায় সম্পর্কে শিক্ষিত করতে এবং ঋণখেলাপ এড়াতে ও তা থেকে বেরিয়ে আসতে সাহায্য করবে।

দেশের মধ্যে প্রথম নিউ ইয়র্কের শিক্ষার্থী ঋণ গ্রাহক সহায়তা কর্মসূচি, যা 2019 সালে শুরু হওয়ার পর থেকে নিউ ইয়র্কবাসীদের 48 মিলিয়ন ডলার সাশ্রয় করেছে, তা কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর সাথে সরাসরি অংশীদারিত্বের মাধ্যমে হাজার হাজার ঋণ খেলাপি বা শীঘ্রই ঋণ খেলাপি হতে যাওয়া ছাত্র ঋণ গ্রহীতাদের কাছে পৌঁছাতে, সহায়তা করতে এবং শিক্ষিত করতে একটি জোরালো প্রচার অভিযান শুরু করবে, যেখানে সরকারি প্রতিষ্ঠানগুলোর উপর বিশেষ মনোযোগ দেওয়া হবে। এই কর্মসূচিতে সরকারি প্রতিষ্ঠানগুলোর উপর বিশেষ মনোযোগ দিয়ে ওয়েবিনার, স্ব-শিক্ষার উপকরণ এবং ব্যক্তিগত পরামর্শের সমন্বয়ে একটি শক্তিশালী ট্রায়াজ মডেল ব্যবহার করা হবে। আর্থিক পরিষেবা বিভাগটি (Department of Financial Services) ব্যক্তিবিশেষদেরকে শোষণমূলক ঋণদান সম্পর্কে অবহিত করার জন্য একটি নতুন শিক্ষা কার্যক্রমও তৈরি করবে এবং ভোক্তাদের কাছে পৌঁছানোর জন্য অতিরিক্ত প্রচেষ্টা চালাবে। সম্মিলিতভাবে, এই পদক্ষেপগুলো শিক্ষার্থী ঋণগ্রহীতাদেরকে পরিবর্তনশীল নিয়মকানুন মেনে চলতে, ঋণখেলাপের পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে ও পুনরুদ্ধার করার জন্য সহায়তা পরিষেবাগুলো পেতে এবং প্রতারণামূলক ঋণদান প্রকল্পগুলো এড়াতে সাহায্য করবে।

শিক্ষার্থীদের পড়াশোনা চালিয়ে যাওয়া নিশ্চিত করতে সমস্ত SUNY ও CUNY ক্যাম্পাসে জরুরি সহায়তা তহবিল তৈরি করা

চিকিৎসা সংকটের মতো অপ্রত্যাশিত ঘটনা এবং জরুরি পরিস্থিতি অত্যন্ত ব্যয়বহুল হতে পারে এবং এর ফলে লোকজনকে নিজ বিল পরিশোধ করা বা স্কুলের বেতন দেওয়া, এই দুটির মধ্যে যেকোনো একটি বেছে নিতে বাধ্য হতে হয়। এই সমস্যা মোকাবিলা করতে এবং শিক্ষার্থীদের ডিগ্রি সম্পন্ন করার জন্য স্কুলে থাকতে সাহায্য করতে, SUNY ও CUNY মহামারীর সময় জরুরি সহায়তা কর্মসূচি সফলভাবে পরীক্ষামূলকভাবে চালু করেছিল, যে কর্মসূচিগুলোতে তহবিল একত্রিত করা হয়েছিল, যা শিক্ষার্থীদের সম্মুখীন হতে পারে এমন জরুরি, অপ্রত্যাশিত খরচ যেমন বাসস্থান হারানো, খাদ্য নিরাপত্তাহীনতা, পরিবহন প্রয়োজন এবং চিকিৎসা ব্যয়ের জন্য ব্যবহার করা হত।

সেই পাইলট প্রোগ্রামগুলোর সাফল্যের ওপর ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) জরুরি সহায়তা সংক্রান্ত প্রমিত, সমগ্র ব্যবস্থা জুড়ে প্রযোজ্য নীতিমালা তৈরি করার জন্য SUNY ও CUNY-কে নির্দেশ দেবেন। সর্বোচ্চ অনুদানের পরিমাণ, আবেদন প্রক্রিয়া এবং আজীবন সীমা ইত্যাদির মতো নীতিগুলোকে মানসম্মত করার মাধ্যমে স্টেট শিক্ষার্থীদের জন্য স্কুলে থাকা এবং ক্যাম্পাসে ও সমাজে, যখন তাদের সবচেয়ে বেশি প্রয়োজন হবে, তখন গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো গ্রহণ করা সহজ করে তুলবে।

রিকানেক্ট ফর ফস্টার স্কলারস প্রোগ্রামের মাধ্যমে প্রাক্তন পালিত (Reconnect for Foster Scholars Program) শিক্ষার্থীদের ডিগ্রি অর্জনে সহায়তা করা

জাতীয় পর্যায়ে এবং নিউ ইয়র্ক স্টেটে, প্রাক্তন পালিত তরুণদের মধ্যে মাত্র প্রায় তিন থেকে চার শতাংশ চার বছরের ডিগ্রি সম্পন্ন করে এবং মাত্র দুই থেকে ছয় শতাংশ অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করে। SUNY ও CUNY রিকানেক্ট কর্মসূচি থেকে প্রাপ্ত শিক্ষা ও সর্বোত্তম অনুশীলনগুলোর ওপর ভিত্তি করে, নিউ ইয়র্ক 'রিকানেক্ট ফর ফস্টার স্কলারস' কর্মসূচি চালু করবে, যেখানে এই কর্মসূচির মাধ্যমে সেইসব প্রাক্তন প্রতিপালিত তরুণদের আর্থিক সহায়তা প্রদান করা হবে, যারা ডিগ্রি অর্জন শুরু করার পর পড়াশোনায় বিরতি নিয়েছিলেন এবং এখন তাদের স্নাতক শিক্ষা শেষ করার জন্য ফিরে আসতে ইচ্ছুক। প্রাক্তন পালিত তরুণদের শিক্ষাগত অগ্রগতিকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে এই স্টেট সমস্ত নিউ ইয়র্কবাসীর প্রতি তার অঙ্গীকার তুলে ধরছে এবং অর্থনৈতিক সচলতার জন্য সুযোগ তৈরি করছে।

SUNY-তে টিউশন ফি ফেরত নীতি সংস্কারের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য ন্যায্যতা ও সাশ্রয়ী মূল্য নিশ্চিত করা

কখনও কখনও জরুরি পরিস্থিতি, জীবনের পারিপার্শ্বিক অবস্থা বা অন্যান্য আকস্মিক কারণ একজন শিক্ষার্থীর ডিগ্রি অর্জনের পথে ব্যাঘাত ঘটতে পারে। যখন এমনটা ঘটে এবং কোনো শিক্ষার্থীকে অপ্রত্যাশিতভাবে একটি SUNY কলেজ থেকে পড়াশোনা ছেড়ে দিতে বা অংশগ্রহণ স্থগিত করতে বাধ্য করা হয়, তখন যে ক্লাসগুলো তারা করতে পারেনি, সেগুলোর জন্য তাদের টাকা ফেরত পাওয়ার সুযোগ থাকা উচিত। শিক্ষার্থীদের ধরে রাখতে, তাদের আর্থিক ক্ষতি কমাতে এবং অর্থনৈতিক বাস্তবতাকে আরও ভালোভাবে প্রতিফলিত করতে, গভর্নর Hochul (হোকল) SUNY-কে নির্দেশ দেবেন যাতে যেকোনো সময় জরুরি পরিস্থিতি দেখা দিতে পারে – এই বিষয়টি মাথায় রেখে টিউশন ফি মওকুফের সুযোগটি আরও দীর্ঘ সময়ের জন্য দেওয়া হয়। এছাড়াও, SUNY সেইসব শিক্ষার্থীদের জন্য টিউশন ফি পরিশোধের সময়সীমা দীর্ঘায়িত করার সুযোগ দেবে, যারা Pell গ্রান্ট, TAP বা GI বিলের মাধ্যমে আর্থিক সহায়তা পান।

SUNY কমিউনিটি কলেজ এবং আর্লি কলেজ শিক্ষার্থীদের জন্য সার্টিফিকেট অফ রেসিডেন্সি প্রক্রিয়ায় বোঝা কমানো

বর্তমান আইন অনুযায়ী, যে সকল কমিউনিটি কলেজের শিক্ষার্থীরা তাদের স্থানীয় স্পনসরশিপ এলাকার বাইরে পড়াশোনা করেন, তাদের ক্লাস শুরু হওয়ার 30 দিনের মধ্যে নিজ কাউন্টি থেকে একটি সার্টিফিকেট অফ রেসিডেন্সি সংগ্রহ করতে হয়, অন্যথায় তাদের কাছ থেকে আলাদা হারে টিউশন ফি নেওয়া হয়, যা স্থানীয় শিক্ষার্থীদের জন্য নির্ধারিত ফির দ্বিগুণেরও বেশি হতে পারে। অনুরূপভাবে, কমিউনিটি কলেজে ডুয়াল এনরোলমেন্ট প্রোগ্রামে ভর্তি হওয়া হাই স্কুলের শিক্ষার্থীদেরও ভর্তির আগে সার্টিফিকেট অফ রেসিডেন্সি জমা দিতে হয়। আমলাতান্ত্রিক জটিলতা কমাতে এবং কলেজে পড়াশোনার খরচ সাধ্যের মধ্যে রাখতে, গভর্নর Hochul (হোকল) সার্টিফিকেট অফ রেসিডেন্সি জমা দেওয়ার প্রক্রিয়ায় সংস্কার করবেন, যাতে নিয়মকানুন সহজ হয় এবং শিক্ষার্থীদের রেসিডেন্সি সার্টিফিকেট জমা দিতে কয়েক দিন বা সপ্তাহ দেরি হলেও তাদের বড় অঙ্কের আর্থিক দায়ভার বহন করতে না হয়। এই প্রযুক্তিগত সংস্কারগুলো এমন নীতিকে সমর্থন করার ক্ষেত্রে স্টেটের সুনামকে আরও বাড়িয়ে তুলবে, যা শিক্ষাকে আরও সাশ্রয়ী

করে তোলে এবং প্রশাসনিক প্রক্রিয়াগুলোকে সহজ করে, যাতে আরও বেশি মানুষ এই মানসম্মত সম্পদগুলো ব্যবহার করতে পারে।

তরুণদের আচরণগত স্বাস্থ্যের প্রচার

স্টেটজুড়ে স্বাস্থ্যকর শিক্ষার পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল) তরুণদের আচরণগত স্বাস্থ্য সহায়তাকে তার এই উদ্যোগে অন্তর্ভুক্ত করতে চাইছেন। এই উদ্যোগগুলোর কয়েকটি হল:

- 10ম গ্রেডের সকল শিক্ষার্থীকে কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্যের প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ দিয়ে সজ্জিত করা
- LGBTQ+ তরুণদের মানসিক সুস্থতাকে সমর্থন করা
- আরও দুটি কমিউনিটি সংস্থাকে মনোনীত করার মাধ্যমে তরুণদের জন্য নিরাপদ স্থানগুলোর সম্প্রসারণ করা
- তরুণদের মানসিক স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় কর্মরত স্কুলগুলোকে স্বীকৃতি প্রদান
- যুবকদের দ্বারা পরিচালিত মাদকদ্রব্য ব্যবহার প্রতিরোধ বিষয়ক একটি সিম্পোজিয়ামের আয়োজন
- নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য দপ্তরের (New York's Office of Mental Health) অধীনস্থ সকল শিশু-সেবা প্রদানকারী চিকিৎসকদের প্রমাণ-ভিত্তিক পদ্ধতিতে প্রশিক্ষণ দেওয়ার বিষয়টি নিশ্চিত করা
- মাদকাসক্তিতে ভুগছেন এমন তরুণদের জন্য সম্প্রদায়-ভিত্তিক নিরাময়কে সহায়তা করতে সর্বোচ্চ 15টি নতুন যুব ক্লাবঘর চালু করা
- আফিম আসক্তি থেকে আরোগ্য লাভকারী ব্যক্তিদের জন্য একটি তরুণ প্রাপ্তবয়স্ক পুনর্বাসন কেন্দ্র স্থাপন
- আদিবাসী তরুণদের জন্য মানসিক স্বাস্থ্য সহায়তার প্রসার ঘটানো

অনলাইনে শিশুদের সুরক্ষিত করা

এছাড়াও, গভর্নর Hochul (হোকল) বোঝেন যে তরুণদের মানসিক স্বাস্থ্য সরাসরি অনলাইন নিরাপত্তার সাথে সম্পর্কিত। তিনি নিম্নলিখিত উদ্যোগগুলোর ঘোষণা করছেন:

- সেফ বাই ডিজাইন (Safe By Design): শিশুদের জন্য নিরাপদ ডিজিটাল পরিবেশ তৈরি করা
- অনলাইন বাজিতে ন্যায্য খেলা নিশ্চিত করা এবং তরুণদের জন্য প্রবেশাধিকার সীমিত করা
- দায়িত্বশীল ডিজিটাল নাগরিকত্বের প্রচার: বিক্ষেপমুক্ত স্কুল এবং শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যকে সমর্থন করা

আজকের এই ঘোষণাটি গত এক বছরে গভর্নরের সাফল্যগুলোর ওপর ভিত্তি করে করা হয়েছে:

- স্কুল সহায়তায় 37.6 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে, যা স্টেটের ইতিহাসে স্কুল তহবিলের সর্বোচ্চ স্তর, এর মধ্যে প্রথমবারের মতো ফাউন্ডেশন এইড সম্পূর্ণরূপে অর্থায়ন করা হয়েছে, যাতে প্রয়োজনীয় সম্পদগুলো সবচেয়ে বেশি প্রয়োজন এমন স্কুলগুলোতে পৌঁছায় এবং রকফেলার ইনস্টিটিউট অফ গভর্নমেন্ট (Rockefeller

Institute of Government) কর্তৃক ফাউন্ডেশন এইড সূত্রটির উপর একটি সমীক্ষা পরিচালনার পর সেই সূত্রটি হালনাগাদ করা হয়েছে।

- একটি সর্বজনীন বিনামূল্যে স্কুল খাবার নীতি বাস্তবায়ন করা হয়েছে—যা নিশ্চিত করে যে 2.7 মিলিয়ন শিক্ষার্থী স্কুলে বিনামূল্যে সকালের জলখাবার ও দুপুরের খাবার পাবে, শ্রেণিকক্ষে খাদ্য নিরাপত্তাহীনতার সমাধান করবে এবং পরিবারগুলোর জন্য প্রতি মাসে শিশু প্রতি গড়ে 165 ডলার খরচ কমিয়ে আনবে।
- সারা স্টেটের স্কুলগুলোতে স্মার্টফোন ব্যবহার নিষিদ্ধ করে বিঘ্নমুক্ত শ্রেণিকক্ষ তৈরির জন্য একটি দেশসেরা নীতি প্রতিষ্ঠা করা হয়েছে—এই উদ্যোগটি সমীক্ষা করা স্কুলগুলোর তিরাশি শতাংশে ইতিবাচক শ্রেণিকক্ষের পরিবেশ এবং শিক্ষার্থীদের উন্নত অংশগ্রহণের দিকে পরিচালিত করেছে।
- 25 থেকে 55 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য উচ্চ চাহিদার ক্ষেত্রগুলোতে কর্মজীবন গড়ার লক্ষ্যে বিনামূল্যে কমিউনিটি কলেজের ব্যবস্থা করা হয়েছে, এবং ইতিমধ্যেই এগারো হাজারেরও বেশি শিক্ষার্থী এতে অংশগ্রহণ করেছে।
- 2025 অর্থবছরে টিউশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Tuition Assistance Program, TAP)-এর সম্প্রসারণের ওপর ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) পার্ট-টাইম TAP-এ অংশগ্রহণের সুযোগ প্রসারিত ও সহজ করেছেন, যার ফলে ক্রেডিটের ন্যূনতম সীমা কমানো হয়েছে এবং কর্মজীবী শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্কদের জন্য এই কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি পেয়েছে। 2025 অর্থবছরে TAP সম্প্রসারণের সাথে মিলিত হয়ে এই উদ্যোগটি নিশ্চিত করে যে দশ হাজারেরও বেশি নতুন শিক্ষার্থী নিউ ইয়র্ক স্টেটের এই বিশেষ টিউশন সহায়তা কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ পাবে।
- হাই স্কুল সিনিয়রদের জন্য ইউনিভার্সাল FAFSA নীতি বাস্তবায়নের পর স্টেটব্যাপী উন্নত প্রচারণার ফলে 175,000টি FAFSA এবং 47,000টি TAP আবেদন জমা পড়ে, যার ফলস্বরূপ নিউ ইয়র্ক প্রথমবারের মতো দেশব্যাপী FAFSA পূরণের র‍্যাঙ্কিংয়ে ষষ্ঠ স্থান অর্জন করেছে।
- স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকগুলোর সম্প্রসারণ করা হয়েছে, যা শিক্ষার্থীদের তাদের স্কুল ক্যাম্পাসে একটি পরিচিত ও কুসংস্কারমুক্ত পরিবেশে একজন লাইসেন্সপ্রাপ্ত মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাহায্য পেতে সহায়তা করে। এই স্টেট এখন 1,300টি ক্লিনিক স্যাটেলাইটকে সমর্থন করে, যা 2020 সালের 872টি থেকে বৃদ্ধি পেয়েছে এবং NYS-এর সমস্ত সরকারি স্কুলের 25 শতাংশকে এর আওতায় নিয়ে এসেছে।
- 'সেফ ফর কিডস' এবং 'চাইল্ড ডেটা প্রোটেকশন অ্যাক্ট' আইনে স্বাক্ষর করা হয়েছে, যা সম্মিলিতভাবে শিশুদের জন্য সোশ্যাল মিডিয়ার আসক্তিমূলক বৈশিষ্ট্যগুলোকে সীমিত করে, বয়স যাচাইয়ের বিষয়ে গুরুত্বপূর্ণ জাতীয় নজির স্থাপন করে এবং অনলাইন অপারেটরদের অবহিত সম্মতি ছাড়াই শিশুদের ডেটা সংগ্রহ ও বাণিজ্যিকীকরণ করা থেকে বিরত রাখে।

###

টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন